

তাগিদ পত্র



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সাধারণ পরিচর্যা বিভাগ)

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং- ১২.২০৬.০৩৫.০১.০৪৪.২০১৩-১১২০

তারিখ : ০১ তারিখ, ১৪২৪ বঙ্গাব্দ  
১৬ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : বিগত ০৭ জুন, ২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত কৃষি মন্ত্রণালয়ের সরকারি সম্পত্তি উদ্ধার সংক্রান্ত “টাঙ্কফোর্স” এর ৫২ তম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: সাধারণ পরিচর্যা বিভাগের স্মারক নং- ১২.২০৬.০৩৫.০১.০৪৪.২০১৩-১১০৫; তারিখ: ২৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বিগত ০৭ জুন, ২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: সিরাজুল হায়দার এনডিসি, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কৃষি মন্ত্রণালয়ের সরকারি সম্পত্তি উদ্ধার সংক্রান্ত “টাঙ্কফোর্স” এর ৫২ তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বিগত ১২ জুলাই, ২০১৭ তারিখের মধ্যে সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণের জন্য সূত্রে বর্ণিত স্মারকমূলে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু অদ্যাবধি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, “টাঙ্কফোর্স” এর ৫২ তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামি ২০ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আগামি ২২ আগস্ট, ২০১৭ তারিখ সকা঳ ১০:৩০ ঘটিকায় “টাঙ্কফোর্স” এর ৫৩ তম সভা কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: সিরাজুল হায়দার এনডিসি এর সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

(মোহাম্মদ জাকিরুল ইসলাম)

যুগ্মসচিব (সা: প:)

পরিচিতি নং-০১০০২৬

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৬৪৮৩৫৯

ইমেইল: js\_cs@badc.gov.bd

বিতরণ কার্যার্থে (জ্যোত্তার ক্রমানুসারে নয়):

১. মহাব্যবস্থাপক (পাটবীজ/সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার), বিএডিসি, ঢাকা।
৩. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
৪. উপপ্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/ সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. অফিস কপি/মাস্টার ফাইল।